# গণ বিশ্ববিদ্যালয়ের ছয় শিক্ষার্থীর উদ্ভাবন রোবট 'মিরা'

প্রকাশিত : ৬ অক্টোবর ২০১৯

Print Google + 27 Like

সংবাদদাতা, সাভার, ৫ অক্টোবর ॥ গণ বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত ছয় শিক্ষার্থী মানুষের সঙ্গে কথা বলতে পারে, বিভিন্ন জটিল প্রশ্নের উত্তর দেয়া ও ভার্চুয়াল কাজে সহযোগিতা করাসহ বিভিন্ন সুবিধা সম্বলিত একটি রোবট তৈরি করেছেন। প্রায় ৪৭ হাজার টাকা ব্যয়ে নির্মিত রোবটটির নাম দেয়া হয়েছে 'মিরা' (মোবাইল এ্যান্ড ইন্টেলিজেন্ট রোবট ফর এ্যাডভান্সড এ্যাসিস্ট্যান্স)। বিশ্ববিদ্যালয় সংলগ্ন নিরিবিলি ফাল্গুনি হাউজিংয়ের ল্যাবে রোবটটি তৈরির যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে।

প্রায় আড়াই মাসের পরিশ্রমে তৈরিকৃত মানুষের মতো গঠন আকৃতি রোবটটি গত বৃহস্পতিবার নিজ বিভাগে প্রদর্শন করা হয়। রোবট মিরার উদ্ভাবক কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০তম ব্যাচের ৬ শিক্ষার্থী। এরা হলেন, মোহাম্মদ রিফাত (টিম লিডার), মাহতাবুর রহমান সবুজ, মাহমুদা আক্তার নিঝুম, মারুফ হোসেন, সাফিক হাসান ও শারমিন নাহার তোহফা।

টিমের সদস্য সবুজ বলেন, এটি মূলত পোর্টেবল এবং অটোমোটেড অর্থাৎ বাইরের নিয়ন্ত্রণ ছাড়াই পূর্ণ কাজ করতে সক্ষম। সফটওয়্যার চালুর পর এটি নিজে নিজেই সব কাজ করতে পারে। রোবটের আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিং ক্যাপাবিলিটি তাকে বাইরের নিয়ন্ত্রণ ছাড়াই কাজ করার সক্ষমতা দিয়েছে।

জটিল প্রশ্নের উত্তর দেয়াসহ ভার্চুয়াল ও বিভিন্ন শারীরিক কাজে সক্ষম রোবট মিরা। ইমেল পাঠানো, পছন্দের গান বাজানো, নির্দিষ্ট কাজের কথা মনে করিয়ে দেয়া, সময় ও তারিখ জানানো, ফেসবুকের নোটিফিকেশন চেক করা, আগাম পূর্বাভাস দেয়া ইত্যাদি কাজ করতে পারে। শারীরিক কাজের মধ্যে বিভিন্ন অঙ্গভঙ্গি যেমন হ্যান্ডশেক বা হাই ফাইভ করা, কাজের সময় কফির কাপ ধরে রাখা, জোকস শোনানো, রক পেপার সিজার খেলা ইত্যাদি কাজে সক্ষম।

প্রকাশিত : ৬ অক্টোবর ২০১৯

Google + 27 Like

0 Comments Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

০৬/১০/২০১৯ তারিখের খবরের জন্য এখানে ক্লিক করুন

ফিচার পাতা

ক্যাম্পাস

শীর্ষ সংবাদ:

- টেকনাফ থেকে তেঁতুলিয়া
- ডিপ্রজন্ম




অন্য খবর

- গণ বিশ্ববিদ্যালয়ের ছয় শিক্ষার্থীর উদ্ভাবন রোবট 'মিরা'
- বঙ্গবন্ধুর কোন কাজই অসমাপ্ত থাকবে না ॥ মতিয়া চৌধুরী
- সার্বিক দিক দিয়ে এগিয়ে গেছে বাংলাদেশ ॥ স্পীকার
- সুন্দরবন রক্ষা করা সবার দায়িত্ব ॥ সুলতানা কামাল
- ম্যানচেস্টার ও ডিএনসিসি একসঙ্গে কাজ করবে
- জেলখানায় মৃত্যু হলে খালেদার ওজন বাড়বে ॥ গয়েশ্বর
- ব্রুনাইয়ে পাঁচ প্রবাসী বাংলাদেশীর পাসপোর্ট বাতিল
- দাউদকান্দিতে উৎসব আমেজে নৌকা বাইচ




সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।
সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬। কার্যালয় : জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বক্স : ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com,
শীর্ষ সংবাদ:

১০০, সম্মিলিত প্রধান কার্যালয়: গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার, জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বক্স: ২৭২৫, ঢাকা, বাংলাদেশ, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৭০১, ই-
ıil.com, Website: www.globe-janakantha.com

IT Partner | Developed By Bikiran.Com | Our Projects

- Like

শীর্ষ সংবাদ: